অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/22/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রুকলিনে 48 মিলিয়ন মার্কিন ডলারের প্রবীনদের সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণের কাজ শেষ হওয়ার কথা ঘোষণা করেন

ইস্ট ফ্ল্যাটবুশের বেথানি সিনিয়র টেরেস নিউ ইয়র্কের প্রবীন নাগরিকদের জন্য সহায়তা সেবাসহ আবাসন সহ 57টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট প্রদান করছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ব্রুকলিনের ইস্ট ফ্ল্যাটবুশ এলাকায় একটি 48 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসিক ভবন, বেথানি সিনিয়র টেরেস (Bethany Senior Terraces) এর উদ্বোধনের কথা ঘোষণা করেন। নতুন চার-তলা ভবনটিতে 55 বছর ও তার বেশি বয়সী প্রবীণদের জন্য সহায়তামূলক পরিষেবা সহ আঠারোটি অ্যাপার্টমেন্ট এবং 57টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট থাকবে। গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) ব্রুকলিনে 11,000-এর বেশি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। বেথানি সিনিয়র টেরেস এই প্রচেষ্টা অব্যাহত রাখছে এবং এটি গভর্নর Hochul (হোকল)-এর 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর মেয়াদি আবাসন পরিকল্পনার অংশ, যা স্টেট ব্যাপী 100,000টি সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণের সঠিক দিশায় রয়েছে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর, বয়স হওয়ার সাথে সাথে একটি নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের বাসা প্রাপ্য যেখানে তারা নিজের মতো করে এবং স্থায়ীভাবে বসবাস করতে পারবেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "বেথানি সিনিয়র টেরেস ব্রুকলিনের একটি দীর্ঘদিনের খালি জায়গাকে প্রবীনদের জন্য আধুনিক ও শক্তি-সাশ্রয়ী বাসায় রূপান্তরিত করার পাশাপাশি এমন সহায়ক পরিষেবা প্রদান করে যা অসহায় প্রবীণদের উন্নতি লাভ করতে সহায়তা করবে। আমাদের আবাসন সংকট মোকাবিলা এবং সমগ্র নিউ ইয়র্ক জুড়ে আরও স্বাস্থ্যকর জনপদ গড়ে তোলার জন্য এ ধরনের আবাসন অত্যাবশ্যক।"

রাইজবোরো কমিউনিটি পার্টনারশীপ ইনকর্পোরেটেড (RiseBoro Community Partnership Inc.)-এর উদ্যোগে নির্মিত বেথানি সিনিয়র টেরেস, বেথানি মেথডিস্ট হোম ফর এজেড (Bethany Methodist Home for the Aged)-এর পূর্ব-অধিকৃত দুটি পরিত্যক্ত ভবনের স্থলাভিষিক্ত হয়েছে। নতুন নির্মিত ভবনটিতে 45টি স্টুডিও অ্যাপার্টমেন্ট, 12টি এক-বেডরুমের অ্যাপার্টমেন্ট এবং একটি সুপারিনটেনডেন্ট এর ইউনিট রয়েছে। 57টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্টের সবগুলি এলাকার মধ্যম আয়ের 50 শতাংশ বা তার কম উপার্জন করা গৃহস্থালির জন্য সংরক্ষিত।

এছাড়াও আঠারোটি অ্যাপার্টমেন্ট গৃহহীনতার সাথে সংগ্রামরত ব্যক্তিবর্গ সহ অনসাইট সহায়তা পরিষেবার জন্য যোগ্য গৃহস্থালির জন্য সংরক্ষিত। রাইজবোরো কমিউনিটি পার্টনারশীপ ইনকর্পোরেটেড বিভিন্ন পরিষেবা প্রদান করে এবং এর মধ্যে রয়েছে কেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য সমন্বয় এবং প্রবীণ ব্যক্তিদের স্থিতিশীল আবাসন বজায় রাখতে এবং স্বাবলম্বীভাবে নিজেদের বাসস্থানেই বার্ধক্য অতিবাহিত করতে সহায়তা করার লক্ষ্যে সামাজিক ও বিনোদনমূলক কার্যক্রম। সহায়তাপ্রাপ্ত অ্যাপার্টমেন্টগুলোর পরিচালন ব্যয়, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (Department of Health), এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative)-এর একটি অনুদানের মাধ্যমে প্রদান করছে।

আবাসিক ভবনটিতে রয়েছে সম্পূর্ণ অ্যাক্সেসযোগ্য এবং পরিবর্তনশীল প্রয়োজন অনুযায়ী সহজে পরিবর্তনযোগ্য অ্যাপার্টমেন্ট। চলাচলজনিত প্রতিবন্ধকতা রয়েছে এমন বাসিন্দাদের জন্য পাঁচটি ইউনিট এবং সংবেদনজনিত প্রতিবন্ধকতা রয়েছে এমন বাসিন্দাদের জন্য দুইটি ইউনিট বরাদ্দ থাকবে।

সম্পূর্ণ বিদ্যুৎচালিত ভবনটি 2020 এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিজ প্লাস (Enterprise Green Communities Plus) এবং প্যাসিভ হাউস (Passive House) মানদণ্ড পূরণের জন্য ডিজাইন করা হয়েছে। এতে এনার্জি রিকভারি ভেন্টিলেশন সিস্টেম, LED লাইটিং, এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, নিম্ন-VOC উপকরণ এবং ভবিষ্যতে সোলার অ্যারে স্থাপনে সক্ষম ছাদের অবকাঠামোর মতো দীর্ঘস্থায়ী বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত করা হয়েছে।

বাসিন্দাদের সহায়ক পরিষেবা কার্যালয়, স্টোরেজের জায়গায় এবং কমিউনিটি রুমগুলিতে প্রবেশাধিকার থাকবে। ভবনটিতে এমন সব বহিরাঙ্গন প্রাঙ্গন রয়েছে, যা ধাপে ধাপে নিচে নেমে ভবনের লবির পাশেই অবস্থিত একটি বিশাল ও সাধারণ বাগানের সাথে মিলিত হয়েছে এবং প্রতিটি তলাতেই ভবনের অভ্যন্তরীণ সামাজিক স্থানগুলোতে প্রবেশের পথ তৈরি করে দিয়েছে। ভবনটিতে একটি হাইড্রোপনিক গ্রিনহাউস রয়েছে — যা গাছপালা জন্মানোর জন্য মাটির পরিবর্তে পানি ব্যবহার করে। সেখানে গ্রিনহাউসের সাথে সরাসরি সংযুক্ত, বাগান করা ও রান্নাবিষয়ক গোষ্ঠীগত প্রদর্শনী আয়োজনের উদ্দেশ্যে তৈরি একটি কমিউনিটি রান্নাঘর রয়েছে।

নির্মাণকাজের জন্য স্টেটের অর্থায়নে রয়েছে ফেডারেল ও স্টেটের নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal and State Low-Income Housing Tax Credits) যা 14.4 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করেছে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) থেকে 7.8 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) 716,000 ডলার অর্থায়ন করেছে। নিউ ইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ ও উন্নয়ন দপ্তর (New York City Department of Housing Preservation and Development) 9.3 মিলিয়ন ডলার অর্থায়ন করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রূথ অ্যান ভিসনাউকাস) বলেন, "নিউ ইয়র্কের ঠিক যে ধরনের আবাসন প্রয়োজন, বেথানি সিনিয়র টেরেস ঠিক সেই ধরনের আবাসনই প্রদান করছে — এমন সব অ্যাপার্টমেন্ট যা সাশ্রয়ী, সহায়ক ও দীর্ঘস্থায়ী এবং যা বাসিন্দাদের তাদের পছন্দের কমিউনিটির

সাথে সংযুক্ত থাকার সুযোগ করে দেয়। একটি জরাজীর্ণ ভবনকে 57টি উচ্চমানের অ্যাপার্টমেন্টে রূপান্তরিত করার মাধ্যমে, এই আবাসন প্রকল্পটি গভর্নর Hochul (হোকল) আবাসন ও জলবায়ু সংক্রান্ত লক্ষ্যগুলোকে এগিয়ে নিয়ে যাচ্ছে এবং একই সাথে এটি ব্রুকলিনে প্রবীণ নাগরিকদের জন্য একটি আরো স্বাস্থ্যকর ও সাশ্রয়ী ভবিষ্যৎ নির্মাণে সহায়তা করছে।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের কমিশনার Dr. James McDonald (ডা. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "প্রবীনদের জন্য সম্মানের সাথে বার্ধক্য অতিবাহিত করতে একটি স্বাস্থ্যকর ও সহজগম্য বাসা অপরিহার্য। বেথানি সিনিয়র টেরেস বাসিন্দাদের স্বাধীনভাবে বসবাসের সুযোগ করে দেবে, পাশাপাশি তাদের উন্নতির জন্য প্রয়োজনীয় সেবা ও সহায়তার সাথে সংযুক্ত রাখবে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে সাশ্রয়ী ও সহায়ক আবাসনে প্রবেশাধিকার সম্প্রসারণে ধারাবাহিক নেতৃত্ব ও অঙ্গীকারের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

NYSERDA-এর প্রেসিডেন্ট ও মুখ্য নির্বাহী কর্মকর্তা Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "বেথানি সিনিয়র টেরেস হলো এমন সাশ্রয়ী আবাসন নির্মাণের একটি দৃষ্টান্ত, যেখানে প্রবেশগম্যতা ও চলাচলের সুবিধাসমূহের পাশাপাশি সর্বাধুনিক পরিবেশবান্ধব প্রযুক্তিকেও অগ্রাধিকার দেওয়া হয়েছে। এই প্রকল্পে অন্তর্ভুক্ত শক্তি-সাশ্রয়ী আধুনিকায়নগুলি প্রবীন নিউ ইয়র্কবাসীদের জ্বালানি ব্যবহার কমাতে সহায়তা করবে এবং তাদের আরও পরিবেশবান্ধব ও আধুনিক বাসস্থানে বসবাসের সুযোগ করে দেবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এজিং (Office for the Aging) এর ভারপ্রাপ্ত পরিচালক Greg Olsen (গ্রেগ ওলসেন) বলেন, "বেথানি সিনিয়র টেরেস আবাসন প্রকল্পটি সমগ্র স্টেট জুড়ে বয়স-উপযোগী ও সাশ্রয়ী আবাসন সম্প্রসারণে গভর্নর Hochul (হোকল) এর অঙ্গীকারকে তুলে ধরে। অন-সাইট সহায়ক পরিষেবা এবং সামাজিক ও বিনোদনমূলক কর্মসূচিগুলো প্রবীনদের নিজ জনপদের মধ্যে স্বাধীন, সুস্থ ও সক্রিয় থাকার সুযোগ ও অধিকার নিশ্চিত করতে সহায়তা করবে। প্রতিটি জনপদের ওপরই, নিউ ইয়র্কের প্রবীণ নাগরিকদের একটি উল্লেখযোগ্য প্রভাব রয়েছে, তাই, প্রবীণ নিউ ইয়র্কবাসীদের তাদের পছন্দের জনপদের মধ্যেই রাখার লক্ষ্যে গভর্নর Hochul (হোকল) নিরবচ্ছিন্ন প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই।"

রাইজবোরো কমিউনিটি পার্টনারশিপের মুখ্য নির্বাহী কর্মকর্তা Kieran Harrington (কিয়েরান হ্যারিংটন) বলেন, "দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকা এই জায়গাটি অধিগ্রহণ করা থেকে শুরু করে অত্যন্ত সাশ্রয়ী মূল্যের 57টি সম্পূর্ণ বৈদ্যুতিক আবাসন গড়ে তোলা, বেথানি সিনিয়র টেরেসকে এমন একটি স্থান হিসেবে নির্মাণ করতে পেরে রাইজবোরো গর্বিত, যেখানে নিউ ইয়র্কের প্রবীণ বাসিন্দারা মর্যাদা, স্থিতিশীলতা এবং সামাজিক সান্নিধ্যের মাঝে তাদের বার্ধক্য অতিবাহিত করতে পারবেন। আমাদের জনপদের চাহিদা পূরণ করে এবং পরিবেশগত সহনশীলতা বৃদ্ধি করে এমন আরো সাশ্রয়ী ও দীর্ঘস্থায়ী আবাসন গড়ে তোলার কাজ অব্যাহত রাখতে পেরে আমরা রোমাঞ্চিত।"

প্রতিনিধি Yvette D. Clarke (ইভেট ডি. ক্লার্ক) বলেন, "বেথানি সিনিয়র টেরেস-এর উদ্বোধন কেবল সাশ্রয়ী আবাসনেই একটি বিনিয়োগ নয়, বরং সেন্ট্রাল ব্রুকলিনে আমাদের প্রবীণ নাগরিকদের মর্যাদা, স্থিতিশীলতা এবং সুযোগের ক্ষেত্রেও একটি বিনিয়োগ। এমন এক সময়ে,

যখন নিউ ইয়র্কের অসংখ্য প্রবীন বাসিন্দা আবাসন-সংকটের সাথে সংগ্রাম করছেন, তখন এই প্রকল্পটি এমন সব সহায়ক ও দীর্ঘস্থায়ী বাসস্থানের ব্যবস্থা করবে, যেখানে বাসিন্দারা পূর্ণ মর্যাদার সাথে ও স্বাবলম্বি ভাবে সাথে তাদের বার্ধক্য অতিবাহিত করতে পারবেন। দীর্ঘকাল ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকা একটি স্থানকে অন-সাইট সহায়ক সেবা প্রদানকারী এবং সহানুভূতিশীল ও জলবায়ু-সচেতন আবাসনের একটি মডেলে রূপান্তরিত করার জন্য আমি গভর্নর Hochul (হোকল), রাইজবোরো কমিউনিটি পার্টনারশিপ ইনকর্পোরেটেড এবং আমাদের সকল অংশীদারকে সাধুবাদ জানাই। একসাথে, আমরা প্রমাণ করছি যে প্রতিটি নিউ ইয়র্কবাসীরই একটি নিরাপদ ও সাশ্রয়ী বাসস্থানের অধিকার রয়েছে।"

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধানের জন্য এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী এবং বাসযোগ্য করার জন্য নিবেদিত আছেন। 2023 অর্থবছর থেকে, গভর্নর আবাসন সরবরাহ বৃদ্ধি এবং এটিকে আরো সাশ্রয়ী করার লক্ষ্যে 25 বিলিয়ন মার্কিন ডলারের একটি পাঁচ-বছর মেয়াদী ব্যাপক আবাসন পরিকল্পনা চালু করেছেন, কয়েক দশকের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ আবাসন চুক্তি কার্যকর করেছেন এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। নিউ ইয়র্ক সিটি সহ স্টেটজুড়ে 410টিরও বেশি জনপদ প্রো-হাউজিং হিসেবে প্রত্যয়িত হয়েছে।

গভর্নর Hochul (হোকল)-এর 2026 সালের স্টেট অব দ্য স্টেট এর অংশ হিসেবে, তিনি তার "লেট দেম বিল্ড (Let Them Build)" কর্মসূচি প্রস্তাব করেছেন; যা আবাসন ও অবকাঠামোগত উন্নয়ন ত্বরান্বিত করতে এবং খরচ কমাতে কতগুলো যুগান্তকারী সংস্কারের সমষ্টি। এই উদ্যোগটি নিউ ইয়র্কের স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (State Environmental Quality Review Act, SEQRA)-এ বাস্তবসম্মত সংস্কার এবং নির্বাহী পদক্ষেপ গ্রহণ প্রক্রিয়াকে উৎসাহিত করবে যার লক্ষ্য হলো সেইসব গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোকে দ্রুত সম্পন্ন করা যেগুলোর পরিবেশগত কোনো নেতিবাচক প্রভাব নেই, কিন্তু দীর্ঘকাল ধরে আমলাতান্ত্রিক জটিলতা ও দীর্ঘসূত্রতার কবলে পড়ে আছে।

2027 অর্থবছরের নির্বাহী বাজেট গভর্নরের বর্তমান পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনাকে পূর্ণতা দেবে, যার লক্ষ্য স্টেট ব্যাপী 100,000 সাশ্রয়ী বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করা, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়ক পরিষেবাসহ 10,000 আবাসন নিশ্চিত করার পাশাপাশি অতিরিক্ত 50,000 বাড়িকে বিদ্যুতায়নের আওতায় আনা অন্তর্ভুক্ত রয়েছে। এ পর্যন্ত 81,000-এরও বেশি সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও হাজার হাজার নতুন সাশ্রয়ী হাউজিং নির্মাণকে দ্রুত করতে এক্সিকিউটিভ বাজেট ক্যাপিটাল তহবিলে 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন